

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৩.৪১২.১৭/

তারিখঃ ১০/২/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ এর প্রাক্তন অধ্যক্ষ জনাব এ.কে.এম শামসুদ্দিন এর প্রকল্পের চাকুরিকালের সাথে পূর্বের রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে পেনশনযোগ্য চাকুরিকাল গণনা করনের বিষয়ে মতামত প্রদান প্রসংগে।

সূত্রঃ চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজের পত্রের স্মারক নং- টিএসসি/চুয়া/২০১৯/৪১, তারিখঃ ২৯/০১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব এ.কে.এম শামসুদ্দিন এর প্রকল্পের চাকুরিকালের সাথে পূর্বের রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে পেনশনযোগ্য চাকুরিকাল গণনা করনের বিষয়ে অধ্যক্ষের মতামত প্রদান সংক্রান্ত পত্র পাওয়া গেছে।

- ২। সূত্রস্থ পত্রের (ঘ) নং ক্রমিকে জনাব এ.কে.এম শামসুদ্দিন গত ১৯/০১/১৯৮৫ খ্রিঃ তারিখ হতে ২২/০৩/১৯৮৫ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৬৩ দিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন মর্মে উল্লেখ করেছেন এবং প্রমানক হিসাবে সার্ভিস বুক এর ফটোকপি সংযুক্ত করেছেন।
- ৩। উক্ত ৬৩ দিনের বিনা বেতনে ছুটি মঞ্জুর সংক্রান্ত কারিগরি শিক্ষা পরিদপ্তরের সংস্থাপন (২)/৭৫৬(৫) তারিখঃ ২৩/১০/১৯৮৬ নং স্মারকের পত্রটি প্রমানক হিসেবে প্রয়োজন।
- ৪। এমতাবস্থায়, জনাব এ.কে.এম শামসুদ্দিন এর বিনা বেতনে ছুটি মঞ্জুর সংক্রান্ত বর্ণিত স্মারকের অফিস আদেশটি প্রেরনের জন্য অনুরোধ করা হল।

প্রাপকঃ অধ্যক্ষ

চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ
চুয়াডাঙ্গা।


স্বাক্ষরিত/-
(মোঃ অহিদুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৩.৪১২.১৭/ ৮৮ (৩)

তারিখঃ ০৫ /০২/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল।

- ০১। সংযুক্ত কর্মকর্তা, ই.এম.আই.এস.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ০২। জনাব এ.কে.এম শামসুদ্দিন, প্রাক্তন অধ্যক্ষ, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ, চুয়াডাঙ্গা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সংরক্ষণ নথি।


(মোহাম্মদ সাজ্জাদ মুফতী)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


সাজ্জাদ